সরকারি অনুমোদন প্রাপ্ত

# চাকরির বিধানাবলী

বর্ধিত ও সংশোধিত

উনআশিতম সংস্করণ

মোহাম্মদ ফিরোজ মিয়া

রিদুর

# চাকরির বিধানাবলী

## মোহাম্মদ ফিরোজ মিয়া


| | | |
|---|---|---|
| প্রথম সংস্করণ: আগস্ট, ১৯৮৮ | দ্বিতীয় সংস্করণ: আগস্ট, ১৯৮৯ | তৃতীয় সংস্করণ: ডিসেম্বর, ১৯৯০ |
| চতুর্থ সংস্করণ: জানুয়ারি, ১৯৯৩ | পঞ্চম সংস্করণ: জুন, ১৯৯৩ | ষষ্ঠ সংস্করণ: জুলাই, ১৯৯৪ |
| সপ্তম সংস্করণ: মার্চ, ১৯৯৫ | অষ্টম সংস্করণ: অক্টোবর, ১৯৯৫ | নবম সংস্করণ: এপ্রিল, ১৯৯৬ |
| দশম সংস্করণ: জুলাই, ১৯৯৬ | একাদশ সংস্করণ: জানুয়ারি, ১৯৯৭ | দ্বাদশ সংস্করণ: জুন, ১৯৯৭ |
| ত্রয়োদশ সংস্করণ: অক্টোবর, ১৯৯৭ | চতুর্দশ সংস্করণ: মে, ১৯৯৮ | পঞ্চদশ সংস্করণ: অক্টোবর, ১৯৯৮ |
| ষোড়শ সংস্করণ: মে, ১৯৯৯ | সপ্তদশ সংস্করণ: আগস্ট, ১৯৯৯ | অষ্টাদশ সংস্করণ: মার্চ, ২০০০ |
| উনিশতম সংস্করণ: জুলাই, ২০০০ | বিশতম সংস্করণ: জানুয়ারি, ২০০১ | একুশতম সংস্করণ: জুন, ২০০১ |
| বাইশতম সংস্করণ: আগস্ট, ২০০১ | তেইশতম সংস্করণ: নভেম্বর, ২০০১ | চব্বিশতম সংস্করণ: মার্চ, ২০০২ |
| পঁচিশতম সংস্করণ: সেপ্টেম্বর, ২০০২ | ছাব্বিশতম সংস্করণ: মার্চ, ২০০৩ | সাতাশতম সংস্করণ: জানুয়ারি, ২০০৪ |
| আটাশতম সংস্করণ: জুন, ২০০৪ | উনত্রিশতম সংস্করণ: নভেম্বর, ২০০৪ | ত্রিশতম সংস্করণ: আগস্ট, ২০০৫ |
| একত্রিশতম সংস্করণ: জানুয়ারি, ২০০৬ | বত্রিশতম সংস্করণ: জুন, ২০০৬ | তেত্রিশতম সংস্করণ: জানুয়ারি, ২০০৭ |
| চৌত্রিশতম সংস্করণ: মে, ২০০৭ | পঁয়ত্রিশতম সংস্করণ: সেপ্টেম্বর, ২০০৭ | ছত্রিশতম সংস্করণ: এপ্রিল, ২০০৮ |
| সাঁইত্রিশতম সংস্করণ: সেপ্টেম্বর, ২০০৮ | আটত্রিশতম সংস্করণ: মার্চ, ২০০৯ | উনচল্লিশতম সংস্করণ: জুলাই, ২০০৯ |
| চল্লিশতম সংস্করণ: জানুয়ারি, ২০১০ | একচল্লিশতম সংস্করণ: এপ্রিল, ২০১০ | বিয়াল্লিশতম সংস্করণ: আগস্ট, ২০১০ |
| তেতাল্লিশতম সংস্করণ: ফেব্রুয়ারি, ২০১১ | চুয়াল্লিশতম সংস্করণ: জুন, ২০১১ | পঁয়তাল্লিশতম সংস্করণ: অক্টোবর, ২০১১ |
| ছেচল্লিশতম সংস্করণ: জানুয়ারি, ২০১২ | সাতচল্লিশতম সংস্করণ: ফেব্রুয়ারি, ২০১২ | আটচল্লিশতম সংস্করণ: জুন, ২০১২ |
| উনপঞ্চাশতম সংস্করণ: অক্টোবর, ২০১২ | পঞ্চাশতম সংস্করণ: ফেব্রুয়ারি, ২০১৩ | একান্নতম সংস্করণ: আগস্ট, ২০১৩ |
| বাহান্নতম সংস্করণ: ফেব্রুয়ারি, ২০১৪ | তেপ্পান্নতম সংস্করণ: জুন, ২০১৪ | চুয়ান্নতম সংস্করণ: অক্টোবর, ২০১৪ |
| পঞ্চান্নতম সংস্করণ: জানুয়ারি, ২০১৫ | ছাপ্পান্নতম সংস্করণ: মে, ২০১৫ | সাতান্নতম সংস্করণ: আগস্ট, ২০১৫ |
| আটান্নতম সংস্করণ: ডিসেম্বর, ২০১৫ | উনষাটতম সংস্করণ: এপ্রিল, ২০১৬ | ষাটতম সংস্করণ: জুলাই, ২০১৬ |
| একষট্টিতম সংস্করণ: ডিসেম্বর, ২০১৬ | বাষট্টিতম সংস্করণ: ফেব্রুয়ারি, ২০১৭ | তেষট্টিতম সংস্করণ: মে, ২০১৭ |
| চৌষট্টিতম সংস্করণ: জুলাই, ২০১৭ | পঁয়ষট্টিতম সংস্করণ: জানুয়ারি, ২০১৮ | ছেষট্টিতম সংস্করণ: মে, ২০১৮ |
| সাতষট্টিতম সংস্করণ: আগস্ট, ২০১৮ | আটষট্টিতম সংস্করণ: নভেম্বর, ২০১৮ | উনসত্তরতম সংস্করণ: মার্চ, ২০১৯ |
| সত্তরতম সংস্করণ: জুন, ২০১৯ | একাত্তরতম সংস্করণ: নভেম্বর, ২০১৯ | বাহাত্তরতম সংস্করণ: ফেব্রুয়ারি, ২০২০ |
| তিয়াত্তরতম সংস্করণ: জুলাই, ২০২০ | চুয়াত্তরতম সংস্করণ: অক্টোবর, ২০২০ | পঁচাত্তরতম সংস্করণ: ফেব্রুয়ারি, ২০২১ |
| ছিয়াত্তরতম সংস্করণ: সেপ্টেম্বর, ২০২১ | সাতাত্তরতম সংস্করণ: ফেব্রুয়ারি, ২০২২ | আটাত্তরতম সংস্করণ: মে ২০২২ |
| উনআশিতম সংস্করণ: অক্টোবর, ২০২২ | | |

**প্রকাশক :** সাহিন আক্তার বেগম

রোদ্দুর প্রকাশনী, ২৬/৩ ঝিগাতলা, পুরাতন কাঁচাবাজার, ঢাকা-১২০৯।

ফোন: ০১৫৫২৩৭০৮৮২

*I S B N-984-70074-0000-3*

**Cover Design by Faria Binte Firoz,**
**Bachelor of Fine Arts, Canada**



**লেখক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত**



**মুদ্রণে :** এম আর প্রিন্টিং প্রেস, বাংলাবাজার-ঢাকা , ফোন : ৭১২৪৮৭৭

**মূল্য :** ৫৮৫/- টাকা

*বিশ্লেষণ: এস,আর,ও নং ৩১৯-আইন/২০১৫, তারিখ: ০১ নভেম্বর, ২০১৫ দ্বারা বিধি-৬ সংশোধন করা হয় এবং এই সংশোধনী ০১ জুলাই, ২০১৫ তারিখ হইতে কার্যকর করা হয়।*

৭। এই বিধিমালা ব্যাখ্যার ক্ষমতা সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের নিকট সংরক্ষিত।

---

# শ্রান্তি বিনোদন ছুটি স্পষ্টীকরণ সংক্রান্ত নির্দেশনা

অর্থ বিভাগের স্মারকলিপি নং এম এফ (আর-২)এল-১/৭৮(অংশ-২)/৫৯, তারিখ : ৮ সেপ্টেম্বর, ১৯৭৯ দ্বারা বিনোদন ভাতা সংক্রান্তে নিম্নরূপ বিষয়সমূহ স্পষ্টীকরণ করা হইয়াছে–

"(১) যে সমস্ত নন-গেজেটেড কর্মচারীরা চলতি দায়িত্বের ভিত্তিতে গেজেটেড পদে কাজ করিতেছেন তাঁহারা গেজেটেড পদের বেতন প্রাপ্ত হন না। তাঁহারা স্ব কাজের দায়িত্বসহ উচ্চতর পদের কাজ দেখাশুনা করিয়া থাকেন। অতএব তাঁহারা গেজেটেড পদের পূর্ণ দায়িত্বও পালন করেন না। গেজেটেড পদের পূর্ণ দায়িত্ব পালন না করিলে এবং পদের বেতন প্রাপ্ত না হইলে গেজেটেড অফিসার হিসাবে গণ্য করিবার সুযোগ নাই। অতএব, বিনোদন ভাতার ক্ষেত্রে তাহাদিগকে গেজেটেড অফিসার হিসাবে গণ্য করিবার অবকাশ নাই।

(২) নূতন জাতীয় বেতন স্কেল অনুযায়ী কোনো পদের মর্যাদার পুনঃবিন্যাস এখনও করা হয় নাই। অর্থাৎ কোনো পদ গেজেটেড অথবা নন-গেজেটেড বলিয়া গণ্য হইবে এই বিষয়টি নূতন জাতীয় বেতন স্কেলের পরিপ্রেক্ষিতে এখনও নির্ধারণ করা হয় নাই। অতএব, যে সমস্ত পদ ৩০-৬-১৯৭৭ তারিখে নন-গেজেটেড পদ হিসাবে গণ্য হইত, ঐ সকল পদ নূতন জাতীয় বেতনের যে স্কেলেই অন্তর্ভুক্ত হোক না কেন সেই সকল পদের ক্ষেত্রে বিনোদন ভাতা প্রদান যোগ্য হইবে।

(৩) বিনোদন ভাতা প্রদানের মূল শর্ত হইল শ্রান্তি ও বিনোদন ছুটি গ্রহণ। যে সমস্ত কর্মচারী অবসর-উত্তর ছুটিতে (পি এল আর) আছেন তাহাদের পক্ষে উক্ত ছুটি শ্রান্তি ও বিনোদন ছুটিতে পরিবর্তিত করিবার অবকাশ নাই। অতএব বর্ণিত কর্মচারীরা বিনোদন ভাতা প্রাপ্ত হইবেন না।

(৪) বিনোদন ভাতা প্রদানের মূল শর্ত হইল যুগপৎভাবে শ্রান্তি ও বিনোদন ছুটির মঞ্জুরি। অতএব, উক্ত ছুটির মঞ্জুরি ছাড়া বিনোদন ভাতা প্রদানের অবকাশ নাই।

(৫) বিনোদন ভাতা প্রদানের মূল শর্ত হইল পনের দিন শ্রান্তি ও বিনোদন ছুটির মঞ্জুরি। অতএব, উক্ত সময়ের কম সময়ের জন্য ছুটি মঞ্জুরির ক্ষেত্রে বিনোদন ভাতা প্রাপ্তব্য নহে।

(৬) বিনোদন ভাতা মঞ্জুরির বিষয়ে সরকারি কর্মচারীর জ্যেষ্ঠতা সরকারি চাকুরীতে তাহার যোগদানের তারিখ থেকে নির্ধারিত হইবে। তবে যে সমস্ত কর্মচারীর অবসর-উত্তর ছুটি/চাকুরী থেকে অবসরগ্রহণ নিকটবর্তী তাহাদেরকে বিনোদন ভাতা মঞ্জুরির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করিতে হইবে।"

# শ্রান্তি ও বিনোদন ছুটি

বাংলাদেশ চাকরি (বিনোদন ভাতা) বিধিমালা, ১৯৭৯ এর বিধান অনুসারে শ্রান্তি ও বিনোদনের উদ্দেশ্যে যে অর্জিত ছুটি দেওয়া হয়, উহাই শ্রান্তি ও বিনোদন ছুটি। উক্ত বিধিমালায় এই প্রকার ছুটি সংক্রান্ত নিম্নরূপ বিধান রহিয়াছে–

১। কার্যভিত্তিক, আনুষঙ্গিক ও চুক্তিভিত্তিক কর্মচারী ব্যতীত সকল প্রকার সরকারি ও বিধিবদ্ধ সংস্থার কর্মচারীগণ এই প্রকার ছুটি প্রাপ্য। বিধি-৩

২। কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারী শ্রান্তি ও বিনোদনের উদ্দেশ্যে প্রতি ৩ (তিন) বৎসরে ১৫ দিনের গড় বেতনে ছুটিতে গমন করিলে ১ (এক) মাসের বেতনের সমান বিনোদনভাতা প্রাপ্য। এই বিনোদন ভাতা ছুটিকালীন বেতনের অতিরিক্ত হিসাবে প্রাপ্য। বিধি-২, ৪ ও ৫

৩। সরকারি ও বিধিবদ্ধ সংস্থার কর্মচারীর আবেদনকৃত তারিখ হইতে জনস্বার্থের কারণে ছুটি মঞ্জুর সম্ভব না হইলে পরবর্তী যে সময়ে ছুটি মঞ্জুর করা হইবে, ঐ সময়ে বিনোদনভাতা পাইবেন। তবে এইক্ষেত্রে পরবর্তী বিনোদন ভাতার জন্য ৩ (তিন) বৎসর গণনা করা হইবে পূর্ববর্তী ছুটির আবেদনকৃত তারিখ হইতে। বিধি-৬

**বিশ্লেষণ:** (১) বিধিবদ্ধ সংস্থার কর্মচারীগণও শ্রান্তি বিনোদন ভাতা প্রাপ্য (এস, আর, ও নং ৩১৯-আইন/২০১৫, তারিখ: ০১ নভেম্বর, ২০১৫)

**বিশ্লেষণ :** (২) (ক) নন-গেজেটেড কর্মচারীগণ গেজেটেড পদের চলতি দায়িত্বে থাকিলে, বিনোদন ভাতার উদ্দেশ্যে তাঁহাদের গেজেটেড কর্মকর্তা হিসাবে গণ্য করা যাইবে না।

(খ) অবসর-উত্তর ছুটি ভোগরত কর্মচারীরা এই ভাতা পাইবেন না।

(গ) ছুটি মঞ্জুরি ব্যতিরেকে এই ভাতা দেওয়া যাইবে না।

(ঘ) বিনোদন ভাতা মঞ্জুরির বিষয়ে সরকারি কর্মচারীর জ্যেষ্ঠতা সরকারি চাকরিতে যোগদানের তারিখ হইতে নির্ধারিত হইবে। তবে অবসর গ্রহণ আসন্ন এইরূপ কর্মচারীদের বিনোদন ভাতা মঞ্জুরির ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হইবে। (অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং এম এফ(আর-২)এল-১/৭৮(অংশ-২)/৫৯, তারিখ : ৮ সেপ্টেম্বর, ১৯৭৯)

**বিশ্লেষণ :** (৩) যে মাসে ছুটিতে যাইবেন, ঐ মাসের মূল বেতনের সমান বিনোদন ভাতা প্রাপ্য। (স্মারক নং অম(অবি)/প্রবি-২/ছুটি-৬/৮৬/২৮, তারিখ : ২০ মার্চ, ১৯৮৯)